

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
টাউন প্ল্যানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৩৩

তারিখ: ৮ ফাল্গুন ১৪২৫


২০ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: সিআইডি'র ফরেনসিক বিভাগের ল্যাবসহ অফিস ভবন ও অন্যান্য স্থাপনা
নির্মাণের লক্ষ্যে পুলিশ বিভাগের অনুকূলে ৩.০০ একর জমি অধিগ্রহণের জন্য
নগর উন্নয়ন অধিদপ্তর এর অনাপত্তি/ ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- সিআইডি/ওএন্ডডি/১৪-২০১৭/১৪৯৫; তারিখঃ ১২/০২/২০১৯ খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সিআইডি'র
ফরেনসিক বিভাগের ল্যাবসহ অফিস ভবন ও অন্যান্য স্থাপনা নির্মাণের লক্ষ্যে পুলিশ
বিভাগের অনুকূলে ৩.০০ একর জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন
অধিদপ্তরকে অনুরোধ করা হয়। চাহিতব্য জমির ছাড়পত্র প্রদানের জন্য দাখিলকৃত তথ্য
ও নকশা অসম্পূর্ণ থাকায় প্রস্তাবিত জমি অধিগ্রহণের ছাড়পত্র প্রদান করার সুবিধার্থে
নিম্নলিখিত নকশা ও তথ্যাদিসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র দপ্তরে জরুরী প্রেরণের জন্য
অনুরোধ করা হলো।

১. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত চাহিতব্য প্রতিটি দাগে জমির পরিমাণ
উল্লেখপূর্বক আর. এস. দাগ সূচী।
২. আর. এস. মৌজা ম্যাপের উপর চিহ্নিতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত
প্রস্তাবিত জমির দাগসূচীসহ সাইট প্ল্যান।
৩. প্ল্যানিং কমিশন স্ট্যান্ডার্ড অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থা অথবা স্থাপত্য অধিদপ্তর কর্তৃক
জমির প্রাপ্যতার প্রত্যয়ন পত্র।
৪. প্রত্যাপ্তি সংস্থা কর্তৃক মামলা সংক্রান্ত প্রত্যয়ন পত্র।
৫. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত ভূমি অধিগ্রহণ ছাড়পত্র।



২০-২-২০১৯

জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার

মোহাম্মদ কামরুজ্জামান, বিশেষ পুলিশ সুপার (ওএন্ডডি)
পক্ষে/ এডিশনাল ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ,


সিআইডি, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৩৩/১(৬)

তারিখ: ৮ ফাল্গুন ১৪২৫
২০ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৫) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর



২০-২-২০১৯

ফৌজিয়া শারমিন তিথি
প্ল্যানার